

২৩-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম আজাদ
তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২১
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে শুদ্ধাচারের নৈতিকতা কমিটির সদস্য জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক আলোচ্যসূচি উপস্থাপন করেন।

(ক) সভাটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অর্থবছর এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভা। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরে ৪টি কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভাপতি বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সভার আয়োজন করতে হবে এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।

(খ) জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক বলেন, নৈতিকতা কমিটি পুনঃগঠন করা প্রয়োজন। সভাপতি বলেন, উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শককে সদস্য সচিব ও সদ্য যোগদানকৃত সহকারী বিস্ফোরক পরিদর্শক, সাকির আহমেদ কে যুক্ত করে নতুন কমিটি গঠন করতে হবে। তিনি আরও বলেন, ড. মোঃ আব্দুল হান্নান, উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শক, জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

(গ) জনাব সানজিদা আক্তার বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে আয়োজন করতে হবে। তাছাড়াও শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, ২য় কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।

সভাপতি বলেন, অংশীজনের সভা ও শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনলাইনে/সরাসরি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ নভেম্বর মাসের ১ম সপ্তাহে আয়োজন করা যেতে পারে। অনলাইনে/সরাসরি আয়োজনের ক্ষেত্রে ১টি ব্যানার প্রস্তুত করতে হবে।

(ঘ) জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক আরো বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এক্ষেত্রে, ১টি উদ্যোগ হিসেবে নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(ঙ) জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সভায় আলোচনা করেন। তাছাড়াও তিনি বলেন ১ম কোয়ার্টারে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে ফায়ার ফাইটিং মহড়ার আয়োজন করা প্রয়োজন।

সভাপতি বলেন, মহড়ার আয়োজনের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে এবং ফায়ার সার্ভিস অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য ড. মোঃ আব্দুল হান্নান, উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শককে নির্দেশ প্রদান করেন। উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শক বলেন, মহাপরিচালকের সাথে যোগাযোগ করে খুব দ্রুত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

(চ) সভাপতি মহোদয় বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুসারে যাবতীয় কার্যক্রম বাস্তবায়নে নৈতিকতা কমিটির সকল সদস্যকে সচেষ্ট থাকতে হবে।

সিদ্ধান্ত:


(ক) নৈতিকতা কমিটি পুনঃগঠন করা যেতে পারে।

(খ) ২য় কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণ সভা এবং শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

(গ) ফায়ার ফাইটিং মহড়ার আয়োজন করা যেতে পারে।

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(আবুল কালাম আজাদ)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
টেলিফোন: ৯৩৪৫২৫৮
ই-মেইল: dhaka@explosives.gov.bd


২৪.৯.২১